

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে বিস্ফোরক পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল কালাম আজাদ

তারিখ : ৬ জুন, ২০২১

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : অনলাইন, জুম মিটিং

উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ ৪র্থ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিস্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভাপতি বলেন, এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতার লক্ষ্যে অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। অত্র দপ্তরের বিভিন্ন ধরনের সেবা গ্রহীতা রয়েছে। সিটিজেন'স চার্টারে বিভিন্ন লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে বিধিমালা অনুযায়ী নির্দিষ্ট সময় উল্লেখ রয়েছে। তবে শিল্পাঞ্চল এবং অর্থনৈতিক জোনের ক্ষেত্রে ২১ দিনের মধ্যে লাইসেন্স মঞ্জুরের নির্দেশনা রয়েছে। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানে সর্বোচ্চ চেষ্টা করা হয় কিন্তু অসম্পূর্ণ আবেদন এবং বিভিন্ন ত্রুটির কারণে নির্ধারিত সময়ে লাইসেন্স মঞ্জুর করা যায়না।

সভাপতির অনুমতিক্রমে বিস্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন দপ্তরের সিটিজেন'স চার্টার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ওয়েবসাইট থেকে সিটিজেন'স চার্টারটি জনাব এস.এম.সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক উপস্থাপন করেন। গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫; এলপিগিজি বিধিমালা, ২০০৪; পেট্রোলিয়াম বিধিমালা, ২০১৮ এর লাইসেন্স ও আমদানি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম বলেন সিটিজেন'স চার্টার অনুসারে লাইসেন্স মঞ্জুর সংশ্লিষ্ট সকল সেবা সঠিক সময়ে প্রদান করা সম্ভব হয়না, তবে দ্রুত সেবা প্রদানের জন্য আমরা সচেষ্ট রয়েছি।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(আবুল কালাম আজাদ)  
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ  
টেলিফোন: ৯৩৪৫২৫৮  
ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)

Close

# Participants (24)



SANJIDA AKTER,Explosi... (me)



Dept of Explosive... (Host)



AK Azad( Chief Inspector of...



Monira yesmine,Inspector of...



Abul Hashem AIE




Farid Ahmed



GM (Crescent Chemicals Ltd)



GM (Operation)MGMCL



Imtiaz



Invite